# ছাত্র ইউনিয়ন থেকে পদত্যাগ করলেন মেঘমল্লার বসু



মেঘমল্লার বসু। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কমিটি থেকে পদত্যাগ করেছেন সংগঠনটির সহসভাপতি মাঈন আহমেদ ও শিক্ষা ও গবেষণাবিষয়ক সম্পাদক মেঘমল্লার বসু। একই সঙ্গে সংগঠনের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে কেন্দ্রীয় সংসদের সহসভাপতি নাজিফা জান্নাতকে।

শনিবার (২৫ জুলাই) এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাঈন আহমেদ ও মেঘমল্লার বসুর দেওয়া পদত্যাগপত্র কেন্দ্রীয় সংসদ গ্রহণ করেছে। বর্তমান রাজনৈতিক বাস্তবতায় তারা নতুন একটি রাজনৈতিক প্ল্যাটফর্মের সঙ্গে যুক্ত হওয়ায় একই সময়ে দুটি রাজনৈতিক সংগঠনের দায়িত্বে থাকলে সাংগঠনিক দ্বন্দ্ব কিংবা স্বার্থের সংঘাত তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে। এতে উভয় সংগঠনের কার্যক্রম ও দায়িত্ব পালনে নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে মনে করে ছাত্র ইউনিয়ন।

এই বিষয়টি বিবেচনায় নিয়ে দুই নেতা নিজ থেকেই সংগঠনের দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর আবেদন করেন। তাদের পদত্যাগের কারণ এবং রাজনৈতিক অবস্থান পর্যালোচনার পর কেন্দ্রীয় কমিটি পদত্যাগপত্র গ্রহণের সিদ্ধান্ত নেয়।

এদিকে একই ধরনের সাংগঠনিক বাস্তবতা ও প্রেক্ষাপট বিবেচনায় কেন্দ্রীয় সংসদের সহসভাপতি নাজিফা জান্নাতকেও ছাত্র ইউনিয়নের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

LENS ASIA